

## তাল--গড়খেমটা

ত্রিসংসারে আমার মত অসুর নাই ।

চুরি, ডাকাতি, পরদারী বাকী কিছু রাখি নাই ॥

১। ছিল রত্নাকর এক মহাদৈত্য, নাশিলে তার অসুরত্ব,  
হরি বলে ছাড়ে হাই ।

পেয়ে নামের তত্ত্ব, নাম মাহাত্মা,

পরে হল সে বাল্মিকী গৌঁসাই ॥

২। জগা, মাধা, অসুর গয়া, দিলে তাঁদের পদ ছায়া,  
তোমার গুণের অন্ত নাই ।

তুমি অসুর বংশ করলে ধ্বংস,

কেবল আমার সাথে পার নাই ॥

৩। গো-হত্যা, ব্রহ্মহত্যা আদি, কত পাপ তার নাই অবধি,  
আমার মত দোষী নাই ।

আমি পাপ করেছি রাশি রাশি, আমার পাপের অন্ত নাই ॥

৪। অজামিলের প্রতাপে, যার ভয়ে ত্রিলোক কাঁপে,  
চরণেতে দিলে ঠাই ।

তোমার চরণ ছুঁয়ে অসুর তরে,

আমি ভণ্ড বলে তরী নাই ॥

—অভয়চরণ কবিরাজ